

অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি	মো: আবুল কালাম আজাদ জেলা মৎস্য কর্মকর্তা
সভার তারিখ	২৩/১১/২০২২খ্রি।
সভার সময়	সকাল ১০.০০ ঘটিকা।
স্থান	জেলা মৎস্য কর্মকর্তার সম্মেলন কক্ষ।
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক”-তে সংযুক্ত করা হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত ও অনলাইনে সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে স্টেকহোল্ডারগণের নিকট স্বচ্ছতা, জবাবদিহিতা এবং দায়বদ্ধতা নিশ্চিতকরণের জন্য প্রত্যেক দপ্তরের অনলাইন ওয়েব পোর্টালে ও অফলাইন সেবা প্রদান প্রতিশ্রুতির সংক্রান্ত চার্টে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য হালনাগাদ রাখা এবং সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদানের জন্য অনুরোধ করেন।

অতঃপর নিম্নোক্ত এজেন্ডা নিয়ে বিস্তারিত আলোচনা এবং সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

ক্র.নং	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) ও আপিল কর্মকর্তার তথ্য ওয়েবসাইটে এবং জিআরএস সফটওয়্যারে (প্রযোজ্য ক্ষেত্রে) ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ	অনিক ও আপিল কর্মকর্তার তথ্য প্রতি ত্রৈমাসিকে ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে।	জেলা মৎস্য কর্মকর্তা ও সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)
২	নির্দিষ্ট সময়ে অনলাইন/ অফলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি এবং	যথাসময়ে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি করে প্রতিমাসে প্রতিবেদন প্রেরণ করতে হবে।	জেলা মৎস্য কর্মকর্তা ও সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)
৩	অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ	অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে প্রেরণ করতে হবে	জেলা মৎস্য কর্মকর্তা ও সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)
৪	ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ কমিটি পূর্ণগঠন এবং ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ	ত্রৈমাসিক ভিত্তিতে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতিসহ পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।	জেলা মৎস্য কর্মকর্তা ও সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)
৫	কর্মকর্তা/কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন	প্রতি ৬ মাসে একবার অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কার্যক্রম বিষয়ে ১টি সেমিনার/কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	জেলা মৎস্য কর্মকর্তা ও সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)

৬	অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা	প্রতি ৬ মাসে একবার অংশীজনের অংশগ্রহণে কমপক্ষে ১টি সভা আয়োজন করতে হবে।	জেলা মৎস্য কর্মকর্তা ও সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)
৭	মৎস্য খাদ্য বিক্রয়ের লাইসেন্স থাকার পরেও জেলা মার্কেটিং অফিসার কর্তৃক মৎস্য খাদ্য বিক্রয়ের লাইসেন্স গ্রহণের জন্য বলা হচ্ছে মর্মে অনলাইনে সংযুক্ত স্টেকহোল্ডার জনাব আব্দুর রহিম অভিযোগ করেন।	কৃষি বিপণন আইন ২০১৮ এর আওতায় প্রণীত কৃষি বিপণন বিধিমালা ২০২১ এর বিধি-৫ অনুযায়ী ১) হিমাগার পরিচালনা; ২) চুক্তিবদ্ধ চাষ ব্যবস্থার সাথে সম্পৃক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে কার্য পরিচালনার জন্য, ৩) কৃষিপণ্য প্রক্রিয়াজাতকারী প্রতিষ্ঠান; ৪) বড় গুদাম রপ্তানিকারক, আমদানিকারক, সরবরাহকারী ৫) কুল চেম্বার, পাইকারি বিক্রেতা, আড়তদার, মজুদদার, ডিলার, মিলার, কমিশন এজেন্ট বা ব্রোকার; ৬) বেপারী বা ফড়িয়া এবং ৭) ওজনদার, নমুনা সংগ্রহকারিকে যথাক্রমে ১৫০০, ১২০০, ১২০০, ১২০০, ১০০০, ৩০০, ১০০ টাকা হারে লাইসেন্স ফি জমা প্রদান করতে হবে। কাজেই পাইকারী মৎস্য খাদ্য বিক্রেতা বা বেপারী হিসেবে ৩০০টাকা লাইসেন্স ফি জমা দিতে হবে।	জেলা মৎস্য কর্মকর্তা ও সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)
৮	বিবিধ	এপিএ চুক্তি মোতাবেক যথাসময়ে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে ও প্রমাণক ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে প্রেরণ করতে হবে।	জেলা মৎস্য কর্মকর্তা ও সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা


স্মারক নম্বর: ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০১.১৫.৪৭৭ (ক)

তারিখ: ৮ অগ্রহায়ণ ১৪২৯

২৩ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপপরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ২) উপপরিচালক(ফিল্ড সার্ভিস), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ৩) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৪) সিনিয়র সহকারি পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।
- ৫) সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য অফিসার (সকল), নাটোর।
- ৬) খামার ব্যবস্থাপক (সকল), মৎস্য বীজ উৎপাদন খামার, নাটোর।
- ৭) মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা (সকল), নাটোর।
- ৮) মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর ও বিকল্প ফোকাল পয়েন্ট।
- ৯) জনাব.....।



মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা